

২০১৭

**বাংলা — সামানিক**

**তৃতীয় পত্র**

**পূর্ণমান - ১০০**

৬+৫+৯

প্রাণ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

বিষয়টি সমাজের উপন্যাসের প্রতিক্রিয়া হিসেবে প্রকাশ করা হচ্ছে।

উত্তর যথাসত্ত্ব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়। এই পত্র পূর্ণ হওয়ার পর উত্তর দেওয়া হবে।

৩৫

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। (ক) মনষাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। যে-কোনো একটি বাংলা মনষাত্ত্বিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৫+৭

**অথবা**

- (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ৭+৭

(অ) আঞ্চলিক উপন্যাস

(আ) সামাজিক উপন্যাস

(ই) ঐতিহাসিক উপন্যাস

(ঈ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য।

- ২। (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসের ঐতিহাসিক পটভূমিকা আলোচনা করে এই উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪

**অথবা**

- (খ) অনেক সমালোচকের মতে ‘চন্দ্রশেখর’ উপন্যাসে বক্ষিমচন্দ্র শৈবলিনী চরিত্র সৃষ্টিতে সুবিচার করেন নি। — এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি দেখাও। ১৪

- ৩। (ক) “যদি জানেন, যে ইংরাজের বিরোধী হইবে, সেই হারিবে, তবে কেন তাহাদিগের সঙ্গে বিবাদ করিতে প্রস্তুত হইয়াছেন?” — কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করেছিলেন? শ্রোতার উত্তরটির তাৎপর্য কী? ১+১+২

**অথবা**

- (খ) ‘যাও, যেখানে ইন্দ্রিয়জয়ে কষ্ট নাই, রূপে মোহ নাই, প্রণয়ে পাপ নাই, সেইখানে যাও!’ — উদ্দিষ্ট ব্যক্তিটি কে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

- ৪। (ক) “এখানকার হাস্যরসে রয়েছে স্বচ্ছতা ও নির্মলতা” — “শ্রীকান্ত” (১ম পর্ব) উপন্যাস প্রসঙ্গে সমালোচকের এই উক্তির যাথার্থ্য বিচার করো। ১৪

**অথবা**

(খ) “শ্রীকান্ত একাধারে একজন বিশিষ্ট ব্যক্তি, বিশেষ এক সময়ের, এক শ্রেণীর বাঙালি এবং পুরুষ জাতির চিরস্মৃত প্রতিনিধি।” — শ্রীপ্রমথনাথ বিশী মহাশয়ের এই মন্তব্যের আলোকে ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসের নামচরিত্রটি আলোচনা করো।

১৪

৫। (ক) ‘ওই লোকটি কি! মানুষ? দেবতা? পিশাচ? কে ও?’ — এই উক্তিটি কার? কার প্রসঙ্গে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

১+১+২

অথবা

(খ) ‘বড় প্রেম শুধু কাছেই টানে না — ইহা দূরেও ঠেলিয়া ফেলে।’ — এই অনুভূতি কার? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+২

৬। (ক) ‘একদিন আমার সমস্ত ডানা মেলে পেয়েছিলুম আমার ওড়ার আকাশ, আজ আমি পেয়েছি আমার ছেঁট বাসা, ডানা গুটিয়ে বসেছি। কিন্তু আমার আকাশও রইল।’ — এই উক্তির আলোকে — ‘শেষের কবিতা’ উপন্যাসের অমিত চরিত্রটি বিচার করো।

১৫

অথবা

(খ) ‘শেষের কবিতা’ উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুরের একেবারেই একটি অভিনব এবং আধুনিকতার বাতৰাহী রচনা — মন্তব্যটির যাথার্থ্য প্রতিপাদন করো।

১৫

৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘..... শারীরিক বাঁচার কথা বলছিনে, কাব্যিক বাঁচা।’ — কার বক্তব্য? উক্তিটির প্রসঙ্গ এবং তাৎপর্য নির্দেশ করো।

১+২+২

অথবা

(খ) “এর পরে কোনো কথা বলবার কোনো দরকার হল না।” — কোন ঘটনার পর বর্তমান প্রসঙ্গটির অবতারণা? এর ফলশ্রুতি কী হয়েছিল?

১+৪

(গ) ‘বিয়ে করে দুঃখ দিতে চাই নে। বিয়ে সকলের জন্য নয়।’ — বক্তা কে? তিনি কাকে দুঃখ দিতে চান না? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

(ঘ) ‘..... শিলং পাহাড়টাকে ভল্ক্যানো বানিয়ে তুলেছে, .....’ — কার উক্তি? উক্তিটির প্রসঙ্গ ও বঙ্গার মানসিকতার পরিচয় দাও।

১+১+৩

৮। (ক) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের নামে ‘উপকথা’ শব্দটির ব্যবহারে উপন্যাসিকের কোন দৃষ্টিভঙ্গি কাজ করেছে তা প্রাসঙ্গিকভাবে আলোচনা করে এই উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো।

৫+১০

অথবা

(খ) ‘হাঁসুলী বাঁকে করালী ফিরছে’। — ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাস অবলম্বনে ‘করালী’ চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

১৫

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘আবার বেজে উঠল শিস! ওই!’ — প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি প্রাঞ্জল করো।

১+৪

(খ) ‘বনওয়ারীর সঙ্গে সে কিন্তু ছলনা করলে’। — কে ছলনা করল? অংশটির তাৎপর্য নির্দেশ করো।

১+৪

(গ) ‘গোটা কাহার পাড়ায় আজ সে দেবতা হয়ে উঠেছে! — কে দেবতা হয়ে উঠেছে? বিষয়টির তাৎপর্য বুঝিয়ে দাও।

১+৪

(ঘ) ‘হাঁসুলীবাঁকের উপকথার সবচেয়ে বুড়ী হ'ল সুঁচাদ’ — বাক্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৫